

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

তারিখ:- ১৭/৮/২০২৪ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে হতাহতের ব্যাপারে অনুসন্ধান করতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ইতোমধ্যে একটি কমিটি গঠন করেছে। উক্ত কমিটির সদস্যগণ তাদের কর্মপন্থা নির্ধারণ করতে আগামী রবিবার বৈঠকে মিলিত হবেন।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে যে সকল ছাত্র জনতা আহত হয়েছেন সরকারী হাসপাতালে তাদের বিনামূল্যে চিকিৎসাসহ যাবতীয় চিকিৎসা ব্যয় সরকার বহন করবে।

বেসরকারী প্রাইভেট মেডিকেল কলেজ হাসপাতাল ,বেসরকারী হাসপাতাল ও ক্লিনিক সমূহকে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে আহত ছাত্র জনতার চিকিৎসা বিল গ্রহন না করার জন্য অনুরোধ জানানো হয়েছে এবং প্রয়োজনে এ সকল বেসরকারী হাসপাতালে চিকিৎসাধীন ছাত্র-জনতার সকল বিল সরকার বহন করবে মর্মে জানানো হয়েছে।

মোঃ জাহাঙ্গীর আলম
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়